

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন  
ঢাকা


পত্র সংখ্যা ০৩.০৮২.০২৭.০০.০০.০০২.২০১৬-৫৯৮

তারিখ ১৬ জ্যৈষ্ঠ ১৪২৩  
৩০ মে ২০১৬

পরিপত্র

প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থায় প্রেরিত পত্রের বিষয়ে নিম্নবর্ণিত বিষয়াবলী অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- (ক) এ কার্যালয়ের কর্মকর্তাগণের স্বাক্ষরে জারীকৃত পত্রে বর্তমানে ডিজিটাল পদ্ধতিতে প্রদেয় স্মারক নম্বর দেখে বাহ্যিকভাবে শাখা চিহ্নিত করা যায়না বিধায় তাৎক্ষনিকভাবে কোন পত্রের বিষয়ে কারো সন্দেহ সৃষ্টি হলে তা সহজভাবে যাচাই এর লক্ষ্যে প্রত্যেক পরিচালক কর্তৃক শুধুমাত্র 'পরিচালক' না লিখে পরিচালক-১, পরিচালক-২ এভাবে পদবী উল্লেখপূর্বক পত্র যোগাযোগ করতে হবে। এছাড়া জারীকৃত পত্রে স্বাক্ষরের সাথে টিএন্ডটি ফোন নম্বর এবং ই-মেইল নম্বর প্রদান নিশ্চিত করতে হবে।
- (খ) প্রজ্ঞাপন, অফিস আদেশ এধরণের গুরুত্বপূর্ণ পত্র এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা যেতে পারে।
- (গ) এ কার্যালয় থেকে জারীকৃত কোন পত্রের বিষয়ে কারো কোন সন্দেহের অবকাশ হলে বা গুরুত্বপূর্ণ কোন নির্দেশনা প্রদত্ত হলে তাৎক্ষনিকভাবে ফোনে বা ই-মেইলে যাচাই করে নিতে হবে।
- (ঘ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্যাড ব্যবহারে এ কার্যালয়ের প্রশাসনিক/ব্যক্তিগত কর্মকর্তার হেফাজতে রাখা এবং এর যথাযথ দাপ্তরিক ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

  
(ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর)  
পরিচালক(প্রশাসন)  
ফোন : ৯১১৪২৭০

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল).....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৩। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, ঢাকা।
- ৪। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা।
- ৫। মহাপরিচালক, বিশেষ নিরাপত্তা বাহিনী, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৬। নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ঢাকা।
- ৭। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
- ৮। প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৯। মহাপরিচালক(সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ১০। মহাপরিচালক, নির্বাহী সেল, বেসরকারী ইপিজেড, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ১১। প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ এডমিন স্পেশালিস্ট)।
- ১২। প্রধান নির্বাহী কর্মকর্তা, পিপিপি অফিস, মহাখালী, ঢাকা।
- ১৩। সচিব, বিনিয়োগ বোর্ড, ঢাকা।
- ১৪। সচিব, প্রাইভেটাইজেশন কমিশন, ঢাকা।
- ১৫। পরিচালক(সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ১৬। সিস্টেম এনালিস্ট, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপিঃ

- ১। মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।